Department for Education

নির্দেশনা

# শরৎ টার্মে বাবা-মা ও কেয়ারারদের জন্য আর্লি ইয়ারস প্রোভাইডার্স ও স্কুল এবং কলেজের বিষয়ে কী জানা প্রয়োজনীয়

১ সেপ্টেম্বর ২০২০ তারিখে আপডেট করা হয়েছে

এই নির্দেশনাটি সেই সকল বাবা-মা এবং কেয়ারারদের জন্য যাদের বাচ্চারা নিম্নবর্ণিত কোনও একটি স্থানে যায়:

- রেজিস্টার্ড নার্সারিসমূহ এবং চাইল্ডমাইন্ডার[1]
- প্রাইমারি এবং সেকেন্ডারি স্কুল[2]
- ফার্দার এডুকেশন কলেজসমূহ[3]

আমরা এই নির্দেশনা আপডেট করে এতে নিম্নবর্ণিত অন্তর্ভুক্ত করেছি:

- স্কুলে ভর্তি করা সম্পর্কে নতুন তথ্য
- নার্সারি, চাইল্ডমাইন্ডারদের আর স্কুল এবং কলেজ থেকে যাতায়াত করা সম্পর্কে আপডেট করা তথ্য
- শিক্ষা, স্বাস্থ্য এবং পরিচর্যা (ইএইচসি) পরিকল্পনাসমূহ ও সুস্থতা এবং অনলাইন সুরক্ষা সম্পর্কিত আপডেট করা তথ্য
- মূল্যায়ন এবং পরীক্ষা সম্পর্কে আপডেট করা তথ্য
- মুখের আবরণ সম্পর্কে আপডেট করা তথ্য

## নার্সারি, চাইল্ডমাইন্ডার, স্কুল এবং কলেজে ফেরত যাওয়া

শরৎ টার্মের শুরু থেকে সকল ইয়ার গ্রুপে সমস্ত বাচ্চারা এবং তরুণ-তরুণীরা ফুল টাইম স্কুলে এবং কলেজে ফেরত যাবে।

[1] নার্সারি এবং চাইল্ডমাইন্ডার অথবা নার্সারিসমূহ এবং চাইল্ডমাইন্ডারদের দ্বারা রেজিস্টার্ড নার্সারিসমূহ, রেজিস্টার্ড চাইল্ডমাইন্ডারসমূহ, প্রি-স্কুল, প্লেগ্রুপসমূহ এবং মেনটেনড নার্সারি স্কুলগুলোকে সম্বোধন করা হয়।

[2] প্রাইমারি এবং সেকেন্ডারি স্কুল-এ ইন্ডিপেন্ডেন্ট স্কুল, মেনটেনড স্কুল, অ্যাকাডেমি, ফ্রি স্কুল, ইনফ্যান্ট স্কুল, জুনিয়ার স্কুল এবং মিডল স্কুল অন্তর্ভুক্ত রয়েছে।

[3] কলেজ-এর মাধ্যমে সিক্সথ ফরম কলেজ, জেনারেল ফার্দার এডুকেশন কলেজসমূহ, ইন্ডিপেন্ডেন্ট ট্রেনিং প্রোভাইডার, নির্দিষ্ট সংগঠন, অ্যাডাল্ট কমিউনিটি লার্নিং প্রোভাইডার এবং বিশেষ পোস্ট-১৬ সংগঠনগুলোকে সম্বোধন করা হয়।

নার্সারি এবং চাইল্ডমাইন্ডারদের কাছে যায় এমন সকল বাচ্চারা ১ জুন থেকে ফিরে যেতে পেরেছে। ২০ জুলাই থেকে নার্সারিগুলো তাদের সাধারণ গ্রুপের সংখ্যায় ফিরে যেতে পেরেছে।

মার্চ মাসে যখন থেকে স্কুল এবং কলেজ বেশিরভাগ ছাত্রদের জন্য বন্ধ হয়ে গিয়েছিল তখন থেকে করোনাভাইরাসের (কোভিড-১৯) প্রাদুর্ভাবের হার হ্রাস হয়েছে। এনএইচএস টেস্ট অ্যান্ড ট্রেস সিস্টেমকে ব্যবস্থিত ও বাস্তবায়িত করা হয়েছে এবং এখন আমরা আরও ভালোভাবে বুঝি যে সুরক্ষিত পরিবেশ তৈরি করার জন্য আমাদেরকে কোন-কোন পদক্ষেপ গ্রহণ করতে হবে।

বৈজ্ঞানিক সাক্ষ্যপ্রমাণের ভিত্তিতে দেখা গেছে যে প্রাপ্তবয়স্কদের তুলনায় বাচ্চাদের ক্ষেত্রে করোনাভাইরাসের (কোভিড-১৯) কারণে মারাত্মকভাবে অসুস্থ হয়ে পড়ার ঝুঁকি অনেক কম। এমন কোনও সাক্ষ্যপ্রমাণ নেই যার ভিত্তিতে বলা যেতে পারে যে প্রাপ্তবয়স্কদের তুলনায় বাচ্চারা এই রোগটিকে বেশি ছড়ায়। তবে কমিউনিটিতে করোনাভাইরাস (কোভিড-১৯) থাকাকালীন সময়ে কিছু ঝুঁকি থাকবে।

ঝুঁকি ব্যবস্থাপনাকল্পে নতুন টার্মে কিছু জিনিস একটু আলাদা হবে। ঝুঁকি হ্রাসকল্পে আমরা নার্সারি ও চাইল্ডমাইন্ডার, স্কুল এবং কলেজদেরকে নানান ধরণের সুরক্ষামূলক পদক্ষেপের ব্যবস্থাপনা করতে বলেছি।

আপনার সন্তানের নার্সারি বা চাইল্ডমাইন্ডার কিংবা স্কুল বা কলেজ আপনাকে তাদের দ্বারা প্রকৃতপক্ষে বাস্তবায়িত পরিবর্তন সম্পর্কে বেশি তথ্য প্রদান করতে পারবে।

# উপস্থিতি

## নার্সারি এবং চাইল্ডমাইন্ডারদের কাছে উপস্থিতি

আপনার সন্তান একটি নার্সারি বা চাইল্ডমাইন্ডার বা অন্য যেকোনো আর্লি ইয়ার্স প্রোভাইডারের কাছে যাক না কেন সেটা সম্পূর্ণভাবে আপনার সিদ্ধান্ত তবে আপনার সন্তানের জন্য একটি স্থান নির্দিষ্ট করতে আমরা আপনাকে প্রোৎসাহিত করি। ছোট বাচ্চাদের সামাজিক দক্ষতা গড়ে তোলার সময়ে তারা যদি একটি চাইল্ডকেয়ারে যায় তাহলে সেটা তাদেরকে একটি রুটিন দিতে সাহায্য করে।

চাইল্ডকেয়ার চয়েসেস নামক ওয়েবসাইটে গিয়ে আপনি দেখতে পারেন যে কোনও বিনামূল্যে চাইল্ডকেয়ার অধিকার গ্রহণ করার জন্য আপনার সন্তানকে যোগ্য বলে গণ্য করা হয় কিনা। ২ বছর বয়সী বাচ্চাদের বাবা-মায়েদের জন্য গড়ে এটার মূল্য প্রতি বছর প্রায় £2,500 এবং ৩ আর ৪ বছর বয়সী বাচ্চাদের বাবা-মায়েদের জন্য এটা £5,000 পর্যন্ত হতে পারে।

## স্কুল এবং কলেজে উপস্থিতি

তাদের শিক্ষাগত উন্নতি ও তাদের কল্যাণ এবং তাদের সামগ্রিক উন্নয়নের জন্য এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে বাচ্চারা এবং তরুণ-তরুণীরা যেন স্কুলে এবং কলেজে ফিরে যায়। নতুন শিক্ষাবর্ষের শুরু থেকে স্কুলে উপস্থিতি বাধ্যতামূলক হবে। এর অর্থ হল যে বাবা-মা হিসেবে

আপনার সন্তানকে (যদি তারা বাধ্যতামূলক স্কুলে যাওয়ার বয়সী হয়) নিয়মিতভাবে স্কুলে পাঠানো আপনার আইনি দায়িত্ব।

১৬ বছর বয়সের পরের শিক্ষার জন্য কোনও অনুরূপ আইনি দায়িত্ব নেই তবে যদি একজন তরুণ বা তরুণী উপস্থিত না থাকে তাহলে তাদের কলেজ হয়ত মনে করতে পারে যে তারা কোর্স ছেড়ে দিয়েছে।

একটি বৈধ কারণ ছাড়া যদি কোনও বাচ্চা বা তরুণ-তরুণী স্কুলে না আসে তাহলে স্থানীয় কর্তৃপক্ষদের এবং স্কুলদের কাছে নানান ধরণের আইনি ক্ষমতা আছে যার ভিত্তিতে তারা উপস্থিত থাকতে বাধ্য করতে পারে।

যদি বাচ্চাদের এবং তরুণ-তরুণীদের জন্য লকডাউন ব্যতিক্রমীভাবে কঠিন হয়ে থাকে তাহলে তাদের স্কুল বা কলেজ হয়তো ধীরে-ধীরে এবং পর্যায়ক্রমে ফিরে আসার প্রস্তাবনা দিতে পারে। এটা শুধুমাত্র তবেই হবে যদি এটা আপনার সন্তানের প্রয়োজন অনুসারে উপযুক্ত হয় এবং এই বিষয়ে আপনার সঙ্গে আগে থেকে সম্মত হয়। যত দ্রুত সম্ভব আপনার সন্তানকে ফুল টাইমে উপস্থিত থাকার জন্য সহায়তা করা হবে।

যদি আপনার সন্তানের স্কুলে বা কলেজে ফিরে যাওয়ার বিষয়ে আপনার কোনও উদ্বেগ থাকে কেননা আপনি মনে করেন যে তাদের অন্যান্য ঝুঁকি আছে তাহলে আপনাকে আপনার স্কুল বা কলেজের সঙ্গে সেই বিষয়ে আলোচনা করতে হবে। তারা আপনাকে বোঝাতে পারবে যে ঝুঁকি হ্রাসকল্পে তারা তাদের পরিবেশ ও ব্যবস্থাগুলোকে কিভাবে পরিবর্তিত করছে। এই সমস্ত ধরণের কথাবার্তায় আপনার সাহায্য করার জন্য উপকরণসমূহ উপলব্ধ আছে যার মধ্যে অনুপস্থিতি সময়কালের পর স্কুলে ফিরে যাওয়া বিষয়ে এই লিফলেটটি অন্তর্ভুক্ত আছে।

## সেলফ-আইসোলেশন এবং সুরক্ষা পদক্ষেপ

জনস্বাস্থ্য পরামর্শ অনুসারে অল্পসংখ্যক বাচ্চারা এবং তরুণ-তরুণীরা হয়তো উপস্থিত থাকতে পারবে না কেননা তারা:

- সেলফ-আইসোলেট করছে
- উপসর্গে আক্রান্ত হয়েছে অথবা তাদের নিজের পরীক্ষার ফলাফল ইতিবাচক ছিল
- এমন একজন ব্যক্তির ক্লোজ কন্ট্যাক্ট যার করোনাভাইরাস (কোভিড-১৯) আছে

যদি এইসব কারণে আপনার সন্তানের জন্য স্কুলে বা কলেজে উপস্থিত থাকা সম্ভব না হয় তাহলে আপনার স্কুল বা কলেজকে জিজ্ঞাসা করুন যে দূরবর্তী অবস্থান থেকে শিক্ষা গ্রহণ করার জন্য তারা কী সাহায্য প্রদান করতে পারে।

সকল প্রাপ্ত বয়স্কদের এবং বাচ্চাদের জন্য সুরক্ষা পদক্ষেপ গ্রহণ করার পরামর্শ ১ আগস্ট থেকে সাময়িকভাবে স্থগিত করে দেওয়া হয়েছে। এর অর্থ হল যে বাচ্চারা এবং তরুণ-তরুণীরা স্কুলে বা কলেজে ফিরে যেতে পারে যদি তারা:

- শিল্ডেড পেশেন্ট লিস্টে আছে
- তাদের পরিবারের সদস্যরা সুরক্ষা পদক্ষেপ গ্রহণ করেছেন

বর্তমান পরামর্শের জন্য চিকিৎসাগত ভিত্তিতে অত্যন্ত দুর্বল হিসেবে গণ্য লোকদের শিল্ডিং এবং সুরক্ষা সম্পর্কে নির্দেশনা দেখুন।

বিশেষজ্ঞ স্বাস্থ্য পেশাজীবীর দেখাশোনার অধীনে আছে এমন সকল বাচ্চা এবং তরুণ-তরুণী হয়তো স্কুলে বা কলেজে ফেরত যাওয়ার আগে তাদের স্বাস্থ্য পেশাজীবীর সঙ্গে তাদের পরিচর্যা নিয়ে আলোচনা করতে হতে পারে। সাধারণত এটা তাদের পরবর্তী পরিকল্পিত ক্লিনিক্যাল অ্যাপয়েন্টমেন্টে হবে।

যদি ক্লিনিক্যাল এবং/অথবা জনস্বাস্থ্য পরামর্শ অনুসরণ করার কারণে বাচ্চারা স্কুলে উপস্থিত না থাকতে পারে তাহলে আপনাকে দণ্ডিত করা হবে না।

## ছুটি

যথারীতি আপনাকে স্কুল এবং কলেজের ছুটির মধ্যে আপনার ছুটির পরিকল্পনা করতে হবে। টার্ম চলাকালীন সময়ে আপনার সন্তানকে স্কুল থেকে বের করার অনুমতি চাওয়া পরিহার করুন।

মনে রাখবেন যে বিদেশ যাত্রা করে ফেরার পর আপনাকে এবং আপনার সন্তানকে হয়তো সেলফ-আইসোলেট করতে হতে পারে।

# নার্সারি ও চাইল্ডমাইন্ডার এবং স্কুল ও কলেজগুলোকে যথাসম্ভব সুরক্ষিত করে তুলতে সাহায্য করা

তাদের শরৎ টার্মের পরিকল্পনা তৈরি করার একটি অংশ হিসেবে প্রত্যেকটি নার্সারি ও চাইল্ডমাইন্ডার এবং স্কুল ও কলেজ তাদের নিজস্ব স্বাস্থ্য এবং সুরক্ষা সম্পর্কিত ঝুঁকির মূল্যায়ন পরিচালিত করবে।

এটার একটি অংশ হিসেবে আমরা নার্সারিদের ও চাইল্ডমাইন্ডারদের এবং স্কুল ও কলেজদেরকে কিছু বিশেষ পদক্ষেপ বাস্তবায়িত করতে বলেছি যা স্বাস্থ্য সম্পর্কিত ঝুঁকি হ্রাসকল্পে অপরিহার্য।

## নার্সারি ও চাইল্ডমাইন্ডার এবং স্কুল ও কলেজদের দ্বারা কী-কী পদক্ষেপ গ্রহণ করা হবে

আমরা নার্সারিদের ও চাইল্ডমাইন্ডারদের এবং স্কুল ও কলেজদেরকে নিম্নবর্ণিত করতে বলেছি:

- স্কুলে বা কলেজে করোনাভাইরাসের (কোভিড-১৯) নিশ্চিত কেসগুলোকে যেন বর্তমান জনস্বাস্থ্য নির্দেশনা অনুসারে সামলানো হয় - এর অর্থ হল যে আপনার সন্তানের নার্সারি বা চাইল্ডমাইন্ডার অথবা স্কুল কিংবা কলেজ (তাদের স্থানীয় স্বাস্থ্য সুরক্ষা টিমের পরামর্শের ভিত্তিতে) হয়তো তাদেরকে ১৪ দিনের জন্য সেলফ-আইসোলেট করতে বলতে পারে যদি তারা এমন কোনও ব্যক্তির নিকট বা মুখোমুখি সংস্পর্শে এসে থাকে যাদের ভাইরাস পরীক্ষার ফলাফল ইতিবাচক ছিল

- নিশ্চিত করা যে সকলে যেন সাধারণের চেয়ে বেশি ঘন-ঘন তাদের হাত ধোয় এবং এতে তাদের আসার সময় বা ব্রেক থেকে ফেরার সময় এবং খাবার খাওয়ার আগে এবং পরের সময় অন্তর্ভুক্ত আছে - এটা ২০ সেকেন্ডের জন্য সাবান এবং জল দিয়ে করতে হবে অথবা হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করতে হবে
- ভালো শ্বাস-প্রশ্বাস সম্পর্কিত পরিচ্ছন্নতা নিশ্চিত করার জন্য 'ক্যাচ ইট, বিন ইট, কিল ইট' পদ্ধতির প্রচার করা
- বর্ধিত পরিষ্কার-পরিচ্ছন্নতা যার মধ্যে প্রায়শই স্পর্শ করা পৃষ্ঠতলগুলোকে বেশি ঘন-ঘন পরিষ্কার করা অন্তর্ভুক্ত রয়েছে

নার্সারি এবং চাইল্ডমাইন্ডাররা যেখানে পারেন সেখানে ব্যক্তিদের মধ্যে যোগাযোগ যতটা সম্ভব কম করবেন। এর অর্থ হতে পারে আলাদা-আলাদা বয়সসমূহের জন্য আলাদা-আলাদা কামরা ব্যবহার করা এবং সেইগুলোকে একে-অপর থেকে দূরে রাখা।

যত দূর সম্ভব স্কুল এবং কলেজরাও যোগাযোগ হ্রাস করবে এবং দূরত্ব বজায় রাখার চেষ্টা করবে। যেহেতু প্রত্যেকটি স্কুল বা কলেজের জন্য এই পদক্ষেপগুলো আলাদা হবে সেহেতু তারা নিজে তাদের ক্ষেত্রে প্রযোজ্য সেরা পদক্ষেপ নির্বাচন করবে। এতে বাচ্চাদেরকে এবং তরুণ-তরুণীদেরকে নিম্নবর্ণিত করতে বলা অন্তর্ভুক্ত থাকবে:

- নির্দিষ্ট আলাদা গ্রুপের (বা বাবলে) মধ্যে থাকা
- ব্যক্তিদের মধ্যে দূরত্ব বজায় রাখা

আমরা জানি যে ছোট বাচ্চারা হয়তো সামাজিক দূরত্ব বজায় রাখতে পারবে না। ছোট বাচ্চাদের ক্ষেত্রে সম্ভবত গ্রুপগুলোকে আলাদা রাখার বিষয়ে জোর দেওয়া হবে এবং বড় বাচ্চাদের ক্ষেত্রে দূরত্ব বজায় রাখার বিষয়ে জোর দেওয়া হবে।

## আপনি নিজে কী-কী পদক্ষেপ নিতে পারেন

আপনার সন্তানকে তার নার্সারি বা চাইল্ডমাইন্ডার কিংবা স্কুলে বা কলেজে পাঠাবেন না যদি:

- তাদের মধ্যে করোনাভাইরাসের (কোভিড-১৯) উপসর্গগুলো দেখা দিয়ে থাকে
- তাদের পরিবারে কারো মধ্যে উপসর্গগুলো দেখা দিয়েছে

পরীক্ষার ব্যবস্থা করুন যদি আপনার বা আপনার সন্তানের মধ্যে উপসর্গ দেখা দেয়। আপনার নার্সারি বা চাইল্ডমাইন্ডার কিংবা স্কুল বা কলেজকে ফলাফল সম্পর্কে অবহিত করুন।

যদি পরীক্ষার ফলাফল ইতিবাচক হয়, তাহলে সম্ভবত বা নিশ্চিতভাবে করোনাভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ আছে এমন সকল পরিবারদের জন্য নির্দেশনা অনুসরণ করুন এবং এনএইচএস টেস্ট অ্যান্ড ট্রেস প্রক্রিয়ার সঙ্গে যোগ দিন।

এটা সত্যিই অত্যন্ত গুরুত্বপূর্ণ যে এখানে এবং বিস্তৃত জনস্বাস্থ্য পরামর্শ এবং নির্দেশনায় উল্লিখিত পরামর্শ অনুসরণ করে আপনি এই পদক্ষেপগুলোকে বাস্তবায়িত করতে নার্সারিদের এবং চাইল্ডমাইন্ডারদের ও স্কুল এবং কলেজদেরকে সাহায্য করেন।

## মুখের আবরণ

সর্বশেষ সাক্ষ্যপ্রমাণ এবং পরামর্শ অনুসারে ১২ বছর এবং তার চেয়ে বেশি বয়সী বাচ্চাদের এমন সকল পরিস্থিতিতে মুখের আবরণ পরা উচিত যেখানে সামাজিক দূরত্ব বজায় রাখার ব্যবস্থাপনা সুরক্ষিতভাবে বাস্তবায়িত করা সম্ভব নয় এবং যে সমস্ত অঞ্চলে ব্যাপকভাবে সংক্রমণ ছড়াচ্ছে।

দেশব্যাপী আমরা সুপারিশ করছি না যে নার্সারিসমূহ ও চাইল্ডমাইন্ডারদের কাছে এবং স্কুল ও কলেজে মুখের আবরণ পরা প্রয়োজনীয় বলে গণ্য করা হয়। এর কারণ হচ্ছে যে ইতিমধ্যে নার্সারিসমূহ ও চাইল্ডমাইন্ডারদের এবং স্কুল ও কলেজ দ্বারা ব্যবস্থিত পদক্ষেপগুলো স্বাস্থ্য সম্পর্কিত ঝুঁকি হ্রাস করে।

দেশব্যাপী সেকেন্ডারি স্কুল (অথবা এমন সকল স্কুল যেখানে ছাত্ররা ইয়ার ৭ বা তার চেয়ে উঁচু কোনও ইয়ারে পড়েন) এবং কলেজদের কাছে বিকল্প আছে যে তারা ছাত্রদের ও স্টাফ এবং অন্যান্য ভিজিটরদেরকে ক্লাসরুমের বাইরে (যেমন করিডোরে) এমন সকল জায়গায় মুখের আবরণ পরতে বলতে পারেন যেখানে সামাজিক দূরত্ব বজায় রাখা কঠিন যদি তারা মনে করেন যে তাদের স্কুল বা কলেজের জন্য এটা সঠিক পদক্ষেপ হবে।

যদি আপনি জাতীয় হস্তক্ষেপের কোনও অঞ্চলে থাকেন তাহলে সেকেন্ডারি স্কুল এবং কলেজের কমিউনাল জায়গায় প্রাপ্তবয়স্কদের এবং ছাত্রদের জন্য মুখের আবরণ পরা অপরিহার্য বলে গণ্য করা হয়। যদি আপনার অঞ্চলের ক্ষেত্রে এটা প্রযোজ্য হয় তাহলে আপনার স্কুল অথবা কলেজ আপনাকে এই নতুন ব্যবস্থা এবং মুখের আবরণ পরার প্রয়োজন সম্পর্কে অবহিত করবে।

বর্তমান সাক্ষ্যপ্রমাণের ভিত্তিতে ক্লাসরুমের মুখের আবরণ পরা প্রয়োজনীয় হবে না। এর কারণ হল যে স্কুল এবং কলেজ দ্বারা বাস্তবায়িত পদক্ষেপগুলো ক্লাসরুমে ঝুঁকিকে উল্লেখযোগ্যভাবে হ্রাস করবে এবং কেননা এতে শেখা ও শেখানো উভয় ক্ষেত্রে একটি নেতিবাচক প্রভাব পড়তে পারে।

নার্সারি বা চাইল্ডমাইন্ডারদের কাছে আছেন এমন সকল বাচ্চাদেরকে এবং প্রাইমারি স্কুলের বাচ্চাদেরকে মুখের আবরণ পরতে হবে না। এমন সকল প্রাইমারি স্কুলে যেখানে ক্লাসরুমের বাইরের জায়গায় স্টাফের সদস্য বা ভিজিটরদের মধ্যে সামাজিক দূরত্ব বজায় রাখা সম্ভব হবে না, উদাহরণস্বরূপ স্টাফরুমে, তাহলে সেক্ষেত্রে হেডটিচারদের কাছে তাদের বিবেচনা অনুসারে সিদ্ধান্ত গ্রহণ করার অধিকার থাকবে যে তারা এই সমস্ত পরিস্থিতিতে তাদের স্টাফ বা ভিজিটরদেরকে মুখের আবরণ পরতে বলতে পারেন বা মুখের আবরণ পরা নিয়ে সম্মত হতে পারেন।

কলেজে ছাত্রদেরকেও মুখের আবরণ পরতে বলা যেতে পারে যেখানে:

- শিক্ষা প্রদানকারী পরিবেশে একটি কর্মক্ষেত্রের পরিবেশের সমান বা বাস্তবে একটি কর্মক্ষেত্র (উদাহরণস্বরূপ, একটি রেস্তোরাঁ যা হয়তো জনসাধারণের জন্য খোলা থাকতে পারে)
- কর্মক্ষেত্রে ও আভ্যন্তর পরিবেশে এটা প্রয়োজনীয় বলে গণ্য করা হয় এবং ছাত্ররা সম্ভবত জনসাধারণের অন্যান্য সদস্যের সংস্পর্শে আসতে পারেন

এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে মুখের আবরণগুলোকে যেন সঠিকভাবে পরা হয়। মুখের আবরণগুলোকে যাতে সঠিকভাবে পরা ও সরানো এবং স্টোর করা বা নিষ্পত্তি করা হয় তা নিশ্চিত করার জন্য সকল স্কুল এবং কলেজদের একটি প্রক্রিয়া থাকা অপরিহার্য। তারা কী প্রক্রিয়ার ব্যবস্থাপনা করেছে সেই সম্পর্কে তাদেরকে অবশ্যই আপনাকে অবহিত করতে হবে।

কিছু ছাত্র হয়তো মুখের আবরণ পরা থেকে অব্যাহতিপ্রাপ্ত হতে পারে। এই অব্যাহতিগুলো স্কুলে ও কলেজে প্রযোজ্য হবে সুতরাং মুখের আবরণ পরার প্রয়োজন সেই সকল বাচ্চাদের এবং তরুণ-তরুণীদের ক্ষেত্রে প্রযোজ্য নয় যাদের:

- কোনও ডিজেবিলিটি থাকার কারণে মুখের আবরণ পরা সম্ভব নয়
- মুখের আবরণ পরা মারাত্মকভাবে পীড়াজনক অনুভব হবে
- এমন কারো সঙ্গে আছেন যারা যোগাযোগ করার জন্য ঠোঁট পড়ার উপর নির্ভরশীল রয়েছেন

# নার্সারি বা চাইল্ডমাইন্ডার এবং স্কুল বা কলেজে আসা এবং যাওয়া

কিছু নার্সারি, স্কুল বা কলেজদেরকে হয়তো তাদের ছাত্রদের জন্য আসার এবং যাওয়ার জন্য আলাদা-আলাদা সময় নির্ধারিত করতে হতে পারে। এটা প্রাঙ্গণে আসা-যাওয়ার সময় গ্রুপদেরকে আলাদা রাখতে সাহায্য করে। যদি স্কুল বা কলেজ এই পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত নেন তবে তার ফলে তাদের দ্বারা শিক্ষাদানে ব্যয় করা সময় কম হবে না - কিন্তু এর অর্থ হতে পারে যে আপনার সন্তানের দিন শুরু বা শেষ হওয়ার সময় পরিবর্তিত হতে পারে।

যেভাবে প্রয়োজনীয় হবে সেইভাবে স্কুলে এবং কলেজ কোনও স্কুল পরিবহন এবং অন্যান্য পরিবহন প্রদানকারীদের সঙ্গে যৌথভাবে কাজ করে সময়গুলোকে সমন্বয় করবে।

তাদের দ্বারা গৃহীত কোনও পরিবর্তন উল্লেখ করার জন্য আপনার নার্সারি বা চাইল্ডমাইন্ডার কিংবা স্কুল বা কলেজ আপনার সঙ্গে যোগাযোগ করবে। এতে হয়তো ড্রপ অফ এবং তোলার জন্য নতুন প্রক্রিয়া অন্তর্ভুক্ত থাকতে পারে।

## গণপরিবহন ব্যবহার করা

গণপরিবহনের চাহিদা হ্রাসকল্পে সকলকে তাদের ভূমিকা পূরণ করতে হবে। যদি সম্ভব হয় তাহলে আপনার বিকল্প পরিবহন সন্ধান করা উচিত বিশেষভাবে হাঁটা বা সাইকেল চালানো এবং বিশেষত যাতায়াতের সবচেয়ে ব্যস্ত সময়গুলোতে।

এর সাহায্য নিশ্চিত করা যেতে পারবে যে সেই সকল ব্যবহারকারীর জন্য সুরক্ষিতভাবে যাতায়াত করার পর্যাপ্ত গণপরিবহন ক্ষমতা থাকবে যাদের তা ব্যবহার করার প্রয়োজন রয়েছে। এতে আপনার পরিবারের স্বাস্থ্যেরও উপকার হবে। নিম্নবর্ণিত থেকে নির্দেশনা দেখুন:

- ওয়াকিং টু স্কুল -এর বিষয়ে লিভিং স্ট্রিট থেকে নির্দেশনা
- স্কুল রানে সুরক্ষিত থাকা সম্পর্কে সুসট্রান্স থেকে নির্দেশনা

যদি আপনি এবং আপনার সন্তান তাদের নার্সারি বা চাইল্ডমাইন্ডার কিংবা স্কুল বা কলেজ যাওয়ার জন্য গণপরিবহনের উপর নির্ভর করেন তাহলে যাত্রীদের জন্য নিরাপদভাবে যাতায়াত করার নির্দেশনা প্রযোজ্য হবে। কিছু অঞ্চলে বাচ্চাদেরকে এবং তরুণ-তরুণীদেরকে স্কুলে বা কলেজে যেতে সাহায্য করার জন্য স্থানীয় কর্তৃপক্ষ হয়তো অতিরিক্ত নিবেদিত স্কুল পরিবহন পরিষেবা প্রদান করতে পারে।

বাচ্চাদের এবং তরুণ-তরুণীদের এবং তাদের বাবা-মায়েদের এবং কেয়ারারদের অবশ্যই পরিবহন ব্যবহার করে নার্সারি বা চাইল্ডমাইন্ডার কিংবা স্কুল বা কলেজে যাওয়া উচিত নয় যদি তাদের বা তাদের পরিবারে কারো করোনাভাইরাসের (কোভিড-১৯) উপসর্গ থাকে।

## যোগ্য বাচ্চাদের জন্য বিনামূল্যে বাসা থেকে স্কুলে আসা-যাওয়া করার পরিবহন ব্যবস্থা

যোগ্য বাচ্চাদেরকে বিনামূল্যে বাসা থেকে স্কুলে আসা-যাওয়া করার পরিবহন ব্যবস্থা প্রদান করার স্থানীয় কর্তৃপক্ষর কর্তব্য অপরিবর্তিত রয়েছে। এটা বাসা থেকে স্কুলে যাতায়াত এবং পরিবহন সম্পর্কিত নির্দেশনা তে উল্লিখিত রয়েছে।

আপনার স্থানীয় কর্তৃপক্ষ হয়তো একটি নিবেদিত পরিবহনে সিটের বদলে আপনাকে একটি ব্যক্তিগত যাতায়াত বাজেট বা মাইলেজ ভাতা গ্রহণ করতে বলতে পারে। এর সাহায্যে নিশ্চিত করা যেতে পারবে যে নিবেদিত গণপরিবহনে যেন সেই সকল লোকদের জন্য পর্যাপ্ত জায়গা থাকে যাদের তা ব্যবহার করার প্রয়োজন রয়েছে।

আমরা আপনাকে অনুরোধ করি যে পারলে আপনি যেন এই প্রস্তাবনাটিকে গ্রহণ করেন। এর ফলে ভবিষ্যতে নিবেদিত পরিবহনের জন্য আপনার সন্তানের যোগ্যতা প্রভাবিত হবে না। আপনি যদি গ্রহণ না করতে চান বা না করতে পারেন তাহলে স্থানীয় কর্তৃপক্ষ আপনাকে সেটা গ্রহণ করতে বাধ্য করতে পারবে না।

স্থানীয় কর্তৃপক্ষদের প্রত্যাশা করা উচিত নয় যে একটি নির্দিষ্ট মেয়াদের জন্য আপনি ব্যক্তিগত পেমেন্ট বা মাইলেজ ভাতা গ্রহণ করার প্রতি প্রতিশ্রুতিবদ্ধ থাকবেন তবে আপনার সন্তানের জন্য বাসা থেকে স্কুলে আসা-যাওয়া করার পরিবহন ব্যবস্থা পুনরায় শুরু করার জন্য স্থানীয় কর্তৃপক্ষদের উপযুক্ত সময়ের নোটিশের প্রয়োজন হবে।

## নিবেদিত স্কুল বা কলেজ পরিবহন ব্যবহার করা

স্থানীয় কর্তৃপক্ষ, স্কুল এবং পরিবহন প্রদানকারীদের থেকে প্রত্যাশা করা হবে না যে তারা অভিন্নভাবে গণপরিবহন ও নিবেদিত স্কুল বা কলেজ পরিবহনের ক্ষেত্রে সামাজিক দূরত্ব বজায় রাখার নির্দেশনা প্রয়োগ করবে। এর কারণ হচ্ছে:

- নিবেদিত স্কুল পরিবহনে নিয়মিতভাবে প্রায়ই তরুণ-তরুণীদের একই গ্রুপ যাওয়া-আসা করে
- নিবেদিত স্কুল পরিবহনে আসা-যাওয়া করে এমন সকল বাচ্চা এবং তরুণ-তরুণী জনগণের সদস্যদের সঙ্গে মেলামেশা করে না

যেখানে সম্ভব সেখানে সর্বাধিক সামাজিক দূরত্ব বজায় রাখার জন্য এবং সংক্রমণ ছড়ানোর ঝুঁকি হ্রাসকল্পে স্থানীয় কর্তৃপক্ষরা ও স্কুল এবং পরিবহন প্রদানকারীরা সকল যৌক্তিক সাধ্য পদক্ষেপ গ্রহণ করবে। কী সাধ্য হবে তা স্থানীয় পরিস্থিতি অনুসারে ভিন্ন হবে। এতে হয়তো নিম্নবর্ণিত অন্তর্ভুক্ত থাকতে পারে:

- পরিবহনে আপনার সন্তানকে একটি নিয়মিত সিট ব্যবহার করতে বলা
- নিশ্চিত করা যে সকলে যেন সুশৃঙ্খলভাবে পরিবহনে ওঠে এবং নামে এবং/অথবা সেটাকে ভালোভাবে সামলানো হয়
- নিশ্চিত করা যে বাহনগুলোকে নিয়মিতভাবে পরিষ্কার করা হয়
- নিশ্চিত করা যে পরিবহন অপারেটররা বাহনের মধ্যে সর্বাধিক তাজা বায়ু চলাচলের ব্যবস্থা করে

এটা গুরুত্বপূর্ণ যে আপনি প্রদান করা কোনও স্থানীয় পরামর্শ মেনে চলেন এবং আপনার সন্তানও যেন নির্ধারিত কোনও নিয়মগুলো অনুসরণ করার গুরুত্ব জানে এবং বোঝে।

## স্কুল এবং কলেজ থেকে আসা-যাওয়া করার সময় মুখের আবরণ পরা

গণপরিবহন ব্যবহার করার সময় এখন বেশিরভাগ বাচ্চাদের এবং ১১ বছরের চেয়ে বেশি বয়সী তরুণ-তরুণীদের জন্য মুখের আবরণ পরা প্রয়োজনীয় বলে গণ্য করা হয়। এটা সেই সকল বাচ্চাদের এবং তরুণ-তরুণীদের ক্ষেত্রে প্রযোজ্য নয় যাদের জন্য:

- কোনও অক্ষমতায় আক্রান্ত হওয়ার কারণে মুখের আবরণ পরা সম্ভব নয়
- মুখের আবরণ পরা মারাত্মকভাবে পীড়াজনক অনুভব হবে
- এমন কারো সঙ্গে যাত্রা করছে যারা যোগাযোগ করার জন্য ঠোঁট পড়ার উপর নির্ভরশীল রয়েছেন

আমরা পরামর্শ দিচ্ছি যে অব্যাহতিপ্রাপ্ত বাচ্চাদের এবং তরুণ-তরুণীদের বাদে ১১ বছর এবং তার চেয়ে বেশি বয়সী বাচ্চারা এবং তরুণ-তরুণীরা যেন সেকেন্ডারি স্কুল বা কলেজ আসা-যাওয়ার জন্য নিবেদিত পরিবহন ব্যবহার করার সময় ও যেন মুখের আবরণ পরে থাকে।

যদি স্কুলে যাওয়া-আসা করার জন্য আপনার সন্তানকে তাদের সাপোর্ট বাবল বা পরিবারের বাইরে কারোর সঙ্গে গাড়ি শেয়ার করতে হয় তাহলে তাদের:

- প্রত্যেক বার একই লোকদের সঙ্গে শেয়ার করা উচিত
- বায়ু চলাচল রাখার জন্য জানলা খোলা রাখা উচিত
- যদি তারা ১১ বছরের চেয়ে বেশি বয়সী হয় তাহলে মুখের আবরণ পরা উচিত

এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে মুখের আবরণগুলোকে যেন সঠিকভাবে পরা হয়। মুখের আবরণগুলোকে যাতে সঠিকভাবে পরা ও সরানো এবং স্টোর করা বা নিষ্পত্তি করা হয় তা নিশ্চিত করার জন্য সকল স্কুল এবং কলেজদের একটি প্রক্রিয়া থাকা অপরিহার্য। তারা কী পদ্ধতির ব্যবস্থাপনা করেছে সেই সম্পর্কে আপনাকে অবহিত করা অপরিহার্য।

# পাঠ্যক্রম

আমরা সেট করেছি যে আমাদের প্রত্যাশা অনুযায়ী শরৎকালে স্কুলদের ছাত্রদেরকে কী পড়ানো উচিত। স্কুলগুলো সকল বিষয়ে একটি উচ্চাশী এবং বিস্তৃত পাঠ্যক্রম প্রদান করবে

কিছু বিষয়ে হয়তো পরিবর্তন করার প্রয়োজন রয়েছে যেমন পিই এবং সংগীতের ক্ষেত্রে যাতে স্কুল যথাসম্ভব সুরক্ষিতভাবে এই বিষয়গুলোকে শেখাতে পারে।

আমরা প্রত্যাশা করি যে নতুন শিক্ষাবর্ষতে কলেজ সম্পূর্ণ ও উচ্চ গুণমানের স্টাডি প্রোগ্রাম প্রদান করা শুরু করবে।

যদি প্রয়োজন হয় তাহলে স্কুল এবং কলেজ দূরবর্তী অবস্থান থেকে শিক্ষা প্রদান করার পরিকল্পনাও তৈরি করবে। এর অর্থ হল যে যদি সুরক্ষা পদক্ষেপ গ্রহণ করার ফলে বা সেলফ-আইসোলেশনের কারণে আপনার সন্তানকে বাসায় থাকতে হয় তাহলে তাদের শিক্ষা অব্যাহত রাখার জন্য তাদের স্কুল অথবা কলেজ তাদের সাহায্য করবে।

ইতিমধ্যে আমরা একটি £১ বিলিয়নের ক্যাচ আপ প্যাকেজের ঘোষণা করেছি যা নিশ্চিত করবে যে ছাত্ররা যেন হারানো শিক্ষামূলক সময়ের অভাবপূরণ করতে পারে এবং সর্বাধিক চাহিদা আছে এমন সকল ছাত্রদেরকে যেন অতিরিক্ত সাহায্য প্রদান করা হয়।

# মূল্যায়ন এবং পরীক্ষা

## প্রাইমারি বা জুনিয়ার স্কুলের মূল্যায়ন

করোনাভাইরাসের (কোভিড-১৯) ব্যাপ্তি নিয়ন্ত্রিত করার জন্য যেহেতু স্কুলগুলো বেশিরভাগ ছাত্রদের জন্য বন্ধ হয়ে গিয়েছিল সেহেতু বাচ্চারা এবং তরুণ-তরুণীরা তাদের শিক্ষার একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ মেয়াদ হারিয়েছে। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে আমরা যেন আরও ভালোভাবে বুঝতে পারি যে বাচ্চাদের শিক্ষার উপর করোনাভাইরাসের (কোভিড-১৯) কী প্রভাব পড়েছে এবং সেই সকল স্কুলকে সাহায্য প্রদান করতে পারি যাদের সর্বাধিক চাহিদা আছে। এর সমর্থনে আমরা পরিকল্পনা তৈরি করেছি যে ২০২০ থেকে ২০২১ শিক্ষাবর্ষে তাদের সাধারণ টাইমটেবিল অনুসারে আর্লি ইয়ার্স ফাউন্ডেশন স্টেজ (ইওয়াইএফএস) প্রোফাইল এবং সকল বিদ্যমান বিধিবদ্ধ প্রাথমিক মূল্যায়নগুলো ফিরে আসবে।

## জিসিএসই এবং এ লেভেল

করোনাভাইরাস (কোভিড-১৯) প্রাদুর্ভাবের কারণে ২০২০ সালের গরমকালে কোনও পরীক্ষা হয়নি। ছাত্ররা যাতে তাদের কোয়ালিফিকেশন পেতে পারে তা নিশ্চিত করার জন্য আমরা ঘোষণা করেছিলাম যে এই গরম কালে যে সকল ছাত্রদের এ লেভেল, এএস লেভেল বা জিসিএসই পরীক্ষার জন্য বসার কথা ছিল তারা একটি পূর্বনির্ধারিত গ্রেড পাবে।

### কিভাবে গ্রেডগুলোর গণনা করা হয়েছে

প্রত্যেকটি ছাত্রের জন্য স্কুল এবং কলেজ প্রত্যেকটি বিষয়ের জন্য একটি সেন্টার মূল্যায়ন গ্রেড প্রদান করেছে। তাদের স্কুল বা কলেজের মত অনুসারে যদি এই বছরে পরীক্ষাগুলোকে পরিচালিত করা হত তাহলে তারা এই গ্রেডই পেত। তারা নানান ধরণের সাক্ষ্যপ্রমাণ নিয়ে বিবেচনা করেছে উদাহরণস্বরূপ পরীক্ষা ছাড়া মূল্যায়ন এবং মক রেজাল্ট।

নির্ধারিত করা হয়েছিল যে Ofqual দ্বারা তৈরি করা মডেল ব্যবহার করে এই গ্রেডটিকে একটি মান নির্ধারণী প্রক্রিয়া দিয়ে যাচাই করা হবে এবং তার পর চূড়ান্ত গ্রেডের গণনা করা হবে।

সোমবার ১৭ আগস্টে সেক্রেটারি অব স্টেট নিশ্চিত করলেন যে এএস/এ লেভেল এবং জিসিএসই-এর জন্য আর কোনও মান নির্ধারণী প্রক্রিয়া হবে না। পরিবর্তে সকল ছাত্রদেরকে সেই সেন্টার মূল্যায়ন গ্রেড প্রদান করা হবে যা তাদের স্কুল বা কলেজ দ্বারা প্রদান করা হয়েছে। যদি গণনা করা গ্রেডের তুলনায় সেন্টার মূল্যায়ন গ্রেড কম হয় তাহলে গণনা করা গ্রেডটি প্রযোজ্য হবে।

এই গ্রেডগুলো চূড়ান্ত হিসেবে গণ্য করা হবে যদি না সাক্ষ্যপ্রমাণের ভিত্তিতে নিশ্চিত করা হয় যে কোনও প্রোসেসিং ত্রুটি হয়েছে।

তাদের পরবর্তী পদক্ষেপে এগিয়ে যাওয়ার জন্য ছাত্ররা সেই গ্রেড ব্যবহার করতে পারবে যা তারা গ্রীষ্মকালে পেয়েছে। পূর্ববর্তী বছরগুলোর তুলনায় এই গ্রেডগুলোর একই মূল্য থাকবে।

**শরৎকাল ২০২০ তে অতিরিক্ত পরীক্ষা**

আমরা বুঝতে পারি যে কিছু ছাত্ররা হয়তো তাদের গ্রীষ্মকালের গ্রেডে খুশি নয় অথবা তাদের শিক্ষার পরবর্তী পর্যায়ে এগিয়ে যাওয়ার জন্য তাদের উন্নত ফলাফলের প্রয়োজন রয়েছে। এমন কিছু অল্পসংখ্যক ছাত্রও আছে যাদেরকে গ্রীষ্মকালে একটি গ্রেড প্রদান করার জন্য পর্যাপ্ত সাক্ষ্যপ্রমাণ ছিল না। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে এই ছাত্ররা যেন ২০২০ সালের শরৎকালে পরীক্ষা দিতে পারে।

এই ছাত্রদের সাহায্য করার জন্য আমরা পরীক্ষার একটি অতিরিক্ত সিরিজ পরিচালিত করছি। এএস এবং এ লেভেল পরীক্ষা অক্টোবর মাসে হবে এবং জিসিএসই পরীক্ষা নভেম্বর মাসে হবে।

**২০২০ সালের শরৎকালে পরীক্ষায় এন্টার করার ডেডলাইন**

যে সকল ছাত্ররা শরৎকালের পরীক্ষায় বসতে চায় তাদেরকে সেই স্কুল বা কলেজের মাধ্যমে তা করতে হবে যেখানে তাদের গ্রীষ্মকালে পরীক্ষা দেওয়ার কথা ছিল। এন্টার করার ডেডলাইন হচ্ছে:

- এ এবং এএস লেভেলের জন্য ৪ সেপ্টেম্বর
- জিসিএসই-এর জন্য ১৮ সেপ্টেম্বর (ইংরেজি এবং গণিত বাদে যার জন্য ডেডলাইন হচ্ছে ৪ অক্টোবর)

# Ofsted (অফস্টেড) পরিদর্শন

শরৎকালে অফস্টেড ইন্সপেক্টররা কয়েকটা নার্সারি ও চাইল্ডমাইন্ডার এবং স্কুল ও কলেজে যাবেন এবং আলোচনা করবেন যে বাচ্চাদের এবং তরুণ-তরুণীদের ফেরত আসতে সাহায্য করার জন্য তারা কী-কী পদক্ষেপ গ্রহণ করেছেন। এই ভিজিটের ফলে কোনও গ্রেডেড বিচার দেওয়া হবে না।

নির্ধারণ করা হয়েছে যে জানুয়ারি ২০২১ থেকে নিত্য অফস্টেড পরীক্ষা শুরু হবে। এইগুলোর সঠিক সময় পর্যালোচনার অধীন থাকবে।

# স্কুলে ভর্তি

## ভর্তি সম্পর্কিত আপীল

যদি আপনি একটি স্কুলে জায়গার জন্য আবেদন করেছেন এবং স্কুল আপনার সন্তানকে জায়গা না দিয়ে থাকে তাহলে আপনার কাছে এই সিদ্ধান্তের বিরুদ্ধে আপীল করার অধিকার আছে।

মুখোমুখি শুনানির বদলে ভর্তি সম্পর্কিত আপিলগুলোকে এখন টেলিফোন বা ভিডিও কনফারেন্স বা লিখিতভাবে পরিচালিত করা যেতে পারে।

## গ্রামার স্কুলের মতন সিলেকটিভ স্কুলের জন্য এন্ট্রি পরীক্ষা

আপনি যদি আপনার সন্তানের জন্য একটি নির্বাচনভিত্তিক (সিলেকটিভ) স্কুলে জায়গার আবেদন করে থাকেন[4] তাহলে এই বছর এন্ট্রি পরীক্ষার পরিচালনায় কিছু পরিবর্তন থাকতে পারে।

এই পরীক্ষাগুলোকে কখন পরিচালিত করা হবে তা নির্বাচনভিত্তিক পরীক্ষাগুলোর জন্য দায়িত্বপ্রাপ্ত লোকদের (হয় স্কুল অথবা স্থানীয় কর্তৃপক্ষ) উপর নির্ভর করে। আমরা তাদেরকে পরামর্শ দিয়েছি যে তারা যেন অক্টোবর মাসের শেষের দিকে বা নভেম্বর মাসের গোড়া পর্যন্তএই পরীক্ষাগুলোকে মুলতুবি করার কথা নিয়ে বিবেচনা করে। এর অর্থ হল যে আপনার পছন্দসই স্কুল প্রকাশ করার ডেডলাইনের আগে (৩১ অক্টোবর) আপনি সম্ভবত এই পরীক্ষার ফলাফলগুলো পাবেন না।

যদি আপনার সন্তান এন্ট্রি পরীক্ষায় প্রয়োজনীয় স্ট্যান্ডার্ড পূরণ না করে তাহলে আপনার স্থানীয় নন-সিলেকটিভ স্কুলগুলোর জন্য আপনার চূড়ান্ত পছন্দগুলোকে ব্যবহার করা উচিত যেখানে আপনি মনে করেন যে আপনার জায়গা পাওয়ার ভালো সম্ভাবনা আছে।

[4] নির্বাচনভিত্তিক স্কুলগুলোর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে গ্রামার স্কুল (যারা তাদের বেশিরভাগ বাচ্চাদেরকে তাদের উচ্চ শিক্ষাগত ক্ষমতার ভিত্তিতে নির্বাচন করে) ও আংশিকভাবে নির্বাচনভিত্তিক অথবা 'বাইল্যাটরল' স্কুল যারা তাদের কিছু ছাত্রদেরকে যোগ্যতা বা প্রতিভার ভিত্তিতে ভর্তি করে এবং এমন সকল স্কুল যেগুলোকে 'ব্যান্ড' হিসেবে গণ্য করা হয় অর্থাৎ তারা যোগ্যতার জন্য সকল বাচ্চাদেরকে পরীক্ষা করে তবে সকল যোগ্যতার বাচ্চাদেরকে ভর্তি করে (উচ্চ এবং নিম্ন যোগ্যতার বাচ্চাদেরকে সমান সংখ্যায় ভর্তি করা) এবং এমন সকল স্কুল যারা ১০% বাচ্চাদেরকে পারফর্মিং বা ভিজ্যুয়াল আর্টস, স্পোর্ট, মডার্ন ফরেন ল্যাংগুয়েজেস, ডিজাইন অ্যান্ড টেকনোলজি অথবা আইটি সম্পর্কিত প্রতিভার ভিত্তিতে ভর্তি করে।

যদি আপনি শুধুমাত্র গ্রামার স্কুল নির্বাচন করার সিদ্ধান্ত গ্রহণ করেন আর আপনার সন্তান এন্ট্রি পরীক্ষায় প্রয়োজনীয় স্ট্যান্ডার্ড না পায় তাহলে আপনার সন্তানের জন্য একটি নন-সিলেকটিভ স্কুল বরাদ্দ করা হবে। এটা আপনার দ্বারা পছন্দ করা কোনও স্কুল হবে না।

যদি নিম্নবর্ণিত কারণে আপনার সন্তান পরিকল্পিত পরীক্ষার তারিখ(গুলোতে) উপস্থিত থাকতে না পারে তাহলে অ্যাডমিশন কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করুন:

- তাদের মধ্যে করোনাভাইরাসের (কোভিড-১৯) উপসর্গ দেখা যাচ্ছে
- তারা সেলফ-আইসোলেট করছে

যোগ্যতা বা প্রতিভার জন্য আপনার সন্তানকে মূল্যায়ন করার জন্য স্কুল বা স্থানীয় কর্তৃপক্ষ বিকল্প ব্যবস্থা করবে

## আচরণ

তাদের দ্বারা গৃহীত নতুন নিয়ম বা পদ্ধতি প্রকাশ করার জন্য নার্সারিসমূহ ও চাইল্ডমাইন্ডার এবং স্কুল ও কলেজ হয়তো তাদের আচরণ সম্পর্কিত নীতি হালনাগাদ করতে পারে। তারা আপনাকে এই পরিবর্তনগুলোর বিষয়ে অবহিত করবে।

# স্কুল ইউনিফর্ম

স্কুল তাদের ইউনিফর্ম পলিসি নিজেই নির্ধারিত করে।

আমরা সমস্ত স্কুলদেরকে প্রোৎসাহিত করছি যে শরৎকালের টার্মে যেন তারা তাদের সাধারণ ইউনিফর্ম নীতিতে ফিরে যায়।

করোনাভাইরাসের (কোভিড-১৯) কারণে আপনাকে আলাদাভাবে বা সাধারণের চেয়ে বেশি ঘন-ঘন ইউনিফর্ম পরিষ্কার করার কোনও প্রয়োজন নেই।

# স্কুলের খাবার

শরৎকালের টার্মের শুরু থেকে স্কুল এবং কলেজের কিচেন সম্পূর্ণভাবে খোলা থাকবে।

তারা সেই সকল ছাত্রদেরকে খাবার প্রদান করবে যারা সেখানে খেতে চায় এবং এতে যথারীতি সকল যোগ্য বাচ্চাদের জন্য ফ্রি স্কুল মিল এবং ইউনিভার্সাল ইনফ্যান্ট ফ্রি স্কুল মিল অন্তর্ভুক্ত রয়েছে।

# অনলাইন সুরক্ষা

বাচ্চাদের সহ বেশিরভাগ লোক অনেক বেশি সময় অনলাইন ব্যয় করছে সেটা ক্লাসরুমে হক বা বাসায়।

সাপোর্টের জন্য অনলাইন ক্ষতি থেকে বাচ্চাদেরকে এবং তরুণ-তরুণীদেরকে সুরক্ষিত রাখার জন্য বাবা-মা এবং কেয়ারারদের জন্য নির্দেশনা দেখুন। এর মাধ্যমে এমন সকল উপকরণের সুপারিশ দেওয়া হয়েছে যা অনলাইনে বিভিন্ন ঝুঁকি থেকে বাচ্চাদেরকে এবং তরুণ-তরুণীদেরকে সুরক্ষিত রাখতে সাহায্য করে এবং তার পাশাপাশি উল্লেখ করা হয়েছে যে আপনি কোথায় থেকে সাহায্য এবং পরামর্শ পেতে পারেন। অনলাইন সুরক্ষিত থাকার জন্য সহায়তা -এ সুরক্ষা এবং গোপনীয়তা সেটিং সম্পর্কে তথ্য অন্তর্ভুক্ত রয়েছে।

# মানসিক স্বাস্থ্য ও কল্যাণ

নার্সারিসমূহ ও চাইল্ডমাইন্ডার এবং স্কুল ও কলেজ বোঝে যে করোনাভাইরাস (কোভিড-১৯) প্রাদুর্ভাবের ফলে কিছু বাচ্চারা এবং তরুণ-তরুণীরা নানান ধরণের অনুভূতি অনুভব করেছে যেমন উদ্বেগ বা চাপ অথবা মন খারাপ।

আপনাকে এবং আপনার সন্তানকে মানসিক স্বাস্থ্যের ক্ষেত্রে সাহায্য করার জন্য অনলাইন উপকরণসমূহ উপলব্ধ আছে যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:

- বাচ্চাদের এবং তরুণ-তরুণীদের মানসিক স্বাস্থ্যের জন্য মাইন্ড এড, একটি বিনামূল্য শিক্ষামূলক সম্পদ যা হেলথ এডুকেশন ইংল্যান্ড কর্তৃক প্রদান করা হয়েছে
- রাইজ অ্যাবাভ যার উদ্দেশ্য হচ্ছে ১০ থেকে ১৬ বছর বয়সী তরুণ-তরুণীদের মধ্যে সহনশীলতা ও শক্তি গড়ে তোলা এবং ভালো মানসিক স্বাস্থ্যে সাহায্য করা
- এভরি মাইন্ড ম্যাটার্স, যার মধ্যে একটি অনলাইন টুল এবং ইমেইল জার্নি আছে যা সকলকে তাদের মানসিক স্বাস্থ্য এবং কল্যাণের দেখাশোনা করার জন্য উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করতে আরও বেশি আত্মবিশ্বাসী অনুভব করতে সাহায্য করে
- বিরিভমেন্ট ইউকে এবং চাইল্ডহুড বিরিভমেন্ট নেটওয়ার্ক কর্তৃক শোকার্ত ছাত্রদের ও স্কুল এবং স্টাফদের জন্য তথ্য এবং সম্পদ প্রদান করা হয়

বার্নার্ডোর সি, হিয়ার, রেস্পন্ড পরিষেবা সেই সকল বাচ্চাদেরকে এবং তরুণ-তরুণী ও তাদের পরিবারদেরকে সাহায্য প্রদান করছে যারা সম্প্রতি একজন সমাজ সেবী বা অন্য কোনও অ্যাজেন্সির সঙ্গে কাজ করছেন এবং যাদের করোনাভাইরাসের (কোভিড-১৯) মানসিক প্রভাবের সঙ্গে সামাল দিতে সমস্যা হচ্ছে। আপনি 'সি, হিয়ার, রেস্পন্ড' পরিষেবার সেলফ-রেফারেল ওয়েবপেজ বা ফ্রিফোন 0800 151 7015- নম্বরের মাধ্যমে অ্যাক্সেস করতে পারেন।

আপনার সন্তানের বিষয়ে যদি আপনার কোনও সুরক্ষামূলক উদ্বেগ থাকে তাহলে সেটাকে রিপোর্ট করাও গুরুত্বপূর্ণ। এনএসপিসিসি হেল্পলাইনের সঙ্গে যোগাযোগ করুন।

# শিক্ষা ও স্বাস্থ্য এবং পরিচর্যা (ইএইচসি) পরিকল্পনাসমূহ

প্রাদুর্ভাব চলাকালীন সময়ে আমাদেরকে ইএইচসি পরিকল্পনার মধ্যে কিছু নির্দিষ্ট বিশেষ শিক্ষা এবং স্বাস্থ্য পরিচর্যা ব্যবস্থাগুলোকে বেশি নমনীয় করতে হয়েছিল।

এই নমনীয়তা এখন সমাপ্ত হয়ে গেছে যার অর্থ হল যে যদি আপনার সন্তানের একটি ইএইচসি পরিকল্পনা আছে তাহলে স্কুলে ফিরে যাওয়ার পর তারা যথারীতি তাদের প্রয়োজনীয় সহায়তা গ্রহণ করতে পারবে।

## স্কুল এবং কলেজ ট্রিপ

শরৎকালের টার্ম থেকে স্কুল এবং কলেজ ইউকে-তে পুনরায় শিক্ষামূলক ডে ট্রিপ শুরু করতে পারে। তবে ঝুঁকি হ্রাসকল্পে তারা কী-কী পদক্ষেপ গ্রহণ করতে পারে সেই সম্পর্কে তাদের অবশ্যই সর্বশেষ জনস্বাস্থ্য নির্দেশনা এবং স্কুল ও কলেজদের জন্য প্রদান করা বিস্তৃত নির্দেশনা অনুসরণ করা উচিত।

বর্তমানে আমরা ইউকে-তে ওভারনাইট ট্রিপ এবং বিদেশে শিক্ষামূলক ভিজিটের আয়োজন না করার পরামর্শ দিচ্ছি।

## এক্সট্রা কারিকুলার কর্মকাণ্ড

শরৎকালের পর স্কুল ব্রেকফাস্ট এবং আফটার-স্কুল কর্মকাণ্ডের ব্যবস্থাপনা করতে পারে। স্কুলদেরকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে এগুলোকে যেন সুরক্ষামূলক পদক্ষেপ সম্পর্কিত বিস্তৃত নির্দেশনা অনুসারে প্রদান করা যেতে পারে। এর অর্থ হল যে জিনিসগুলোকে হয়তো আলাদাভাবে চালাতে হতে পারে।

আপনার সন্তানের স্কুলের সঙ্গে কথা বলে জেনে নিন যে তারা ব্রেকফাস্ট এবং আফটার-স্কুল কর্মকাণ্ডের ব্যবস্থাপনা করছেন কিনা।

আউট-অব-স্কুল সেটিং যেমন হলিডে বা আফটার-স্কুল-ক্লাব সকল বয়সের বাচ্চাদের এবং তরুণ-তরুণীদের জন্য খোলা থাকতে পারে। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে সংক্রমণ ছড়ানোর ঝুঁকি হ্রাসকল্পে তারা যেন সুরক্ষামূলক পদক্ষেপের ব্যবস্থাপনা করে।

ঝুঁকি হ্রাসকল্পে নিম্নবর্ণিত নিয়ে বিবেচনা করবেন:

- ধারাবাহিকভাবে আপনার সন্তানকে একই সেটিংয়ে পাঠাবেন
- আপনার দ্বারা অ্যাক্সেস করা বিভিন্ন সেটিংয়ের সংখ্যা সীমিত রাখবেন

কর্মকাণ্ডের সংগঠককে জিজ্ঞাসা করবেন যে কোনও ঝুঁকি হ্রাসকল্পে তারা কী আলাদাভাবে করবেন।

আউট-অফ-স্কুল ক্লাব এবং কর্মকাণ্ড ব্যবহার করা-তে বাবা-মাদের জন্য পরামর্শ উপলব্ধ আছে।

## স্থানীয় প্রাদুর্ভাব

নার্সারিসমূহ ও চাইল্ডমাইন্ডার এবং স্কুল ও কলেজগুলো তাদের স্থানীয় স্বাস্থ্য সুরক্ষা টিমের সঙ্গে যোগাযোগ করবে যদি তাদের সেটিংয়ে:

- ১৪ দিনের মধ্যে ছাত্রদের বা স্টাফের মাঝে ২টি বা তার চেয়ে বেশি নিশ্চিত করোনাভাইরাসের (কোভিড-১৯) কেস ধরা পড়ে
- সন্দেহভাজন বা নিশ্চিত করোনাভাইরাসের (কোভিড-১৯) কেসের কারণে বাচ্চাদের বা স্টাফের অনুপস্থিতির হার বেড়ে যায়

স্থানীয় স্বাস্থ্য সুরক্ষা টিম পরামর্শ দেবে যে কোন-কোন পরবর্তী পদক্ষেপের প্রয়োজন আছে। সাধারণত বন্ধ করার প্রয়োজন হবে না তবে কিছু গ্রুপদেরকে হয়তো সেলফ-আইসোলেট করতে হতে পারে।

যদি কোনও স্কুলে বা কলেজে প্রাদুর্ভাব নিশ্চিত করা হয় তাহলে হয়তো একটি মোবাইল টেস্টিং ইউনিট পাঠানো যেতে পারে। তারা সেই সকলকে পরীক্ষা করবেন যারা সম্ভবত সেই ব্যক্তির সংস্পর্শে এসেছে যার পরীক্ষার ফলাফল ইতিবাচক ছিল। টেস্টিংয়ের প্রথমত ফোকাস হবে সেই ব্যক্তির ক্লাস তারপর তাদের ইয়ার গ্রুপ এবং তারপর যদি প্রয়োজন হয় তাহলে সম্পূর্ণ স্কুল বা কলেজের পরীক্ষা করা হবে।

যদি আপনার স্থানীয় অঞ্চলে সংক্রমণের হার বেড়ে যায় যার ফলে কমিউনিটিতে স্থানীয়ভাবে এই সংক্রমণ ছড়িয়ে পড়ে তাহলে সরকার পরবর্তী পদক্ষেপ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করবে। স্থানীয় অঞ্চলে যেখানে অন্যান্য সেক্টরের জন্য সীমাবদ্ধতা বাস্তবায়িত করা হয় সেখানেও আমরা প্রত্যাশা করি যে সাধারণত সকলের জন্য শিক্ষা এবং চাইল্ডকেয়ার খোলা থাকবে।

আপনার সন্তানের স্কুল বা কলেজের দূরবর্তী অবস্থান থেকে শিক্ষা প্রদান করা উচিত যদি:

- ছাত্রদের গ্রুপকে সেলফ-আইসোলেট করতে হয়
- স্কুলে বা কলেজে আরও বেশি লোকদের উপস্থিতির সংখ্যাকে সীমিত করার প্রয়োজন হয়